

গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ২৪

আরবি মূল আয়াত:

إِلَىٰ فِرْعَوْنَ وَ هَامَانَ وَ قَارُونَ فَقَالُوا سَحِرٌ كَذَّابٌ ﴿٢٤﴾

অনুবাদসমূহ:

ফির'আউন, হামান ও কারুনের প্রতি। অতঃপর তারা বলল, 'সে এক যাদুকর, চরম মিথ্যাবাদী'। — আল-বায়ান

ফেরাউন, হামান ও কারুনের কাছে। কিন্তু তারা বলল (এ লোকটা) এক যাদুকর, ঘোর মিথ্যুক। — তাইসিরুল

ফির'আউন, হামান ও কারুনের নিকট; কিন্তু তারা বলেছিলঃ এতো এক যাদুকর, চরম মিথ্যাবাদী। — মুজিবুর রহমান

To Pharaoh, Haman and Qarun; but they said, "[He is] a magician and a liar."
— Sahih International

২৪. ফিরআউন, হামান ও কারুনের কাছে। অতঃপর তারা বলল, জাদুকর, চরম মিথ্যাবাদী।

-

তাফসীরে জাকারিয়া

(২৪) ফিরআউন, হামান ও কারুনের নিকট। কিন্তু ওরা বলেছিল, 'এ তো এক ভন্ড যাদুকর'।[1]

[1] ফিরআউন মিসরে বসবাসকারী ক্রিবতীদের বাদশাহ ছিল। বড় অত্যাচারী ও যালেম এবং সর্বোচ্চ রব হওয়ার দাবীদার ছিল। সে মুসা (আঃ)-এর সম্প্রদায় বানী-ইস্রাঈলকে দাস বানিয়ে রেখেছিল এবং তাদের উপর নানানভাবে কঠোর নির্যাতন চালাত। কুরআনের বিভিন্ন স্থানে এর বিস্তারিত আলোচনা এসেছে। হামান ছিল ফিরআউনের মন্ত্রী ও তার প্রধান উপদেষ্টা। কারুন তার যুগের বিরাট বিভ্রাট বিস্তারিত ব্যক্তি ছিল। এরা সকলেই পূর্বের লোকদের মত মুসা (আঃ)-কে মিথ্যাঞ্জন করল এবং তাঁকে যাদুকর ও মিথ্যুক বলে আখ্যায়িত করল। যেমন, **كَذَلِكَ مَا أَتَى الَّذِينَ مِنْ قَبْلِهِمْ مِنْ رَسُولٍ إِلَّا قَالُوا سَاحِرٌ أَوْ مُجْنُونٌ * أَتَوَاصَوْا بِهِ بَلْ هُمْ قَوْمٌ طَاغُونَ** অর্থাৎ, এমনভাবে, তাদের পূর্ববর্তীদের কাছে যখনই কোন রসূল আগমন করেছে, তখনই তারা বলেছে, যাদুকর, না হয় উন্মাদ। তারা কি একে অপরকে এই উপদেশই দিয়ে গেছে? বস্তুতঃ ওরা সীমালংঘনকারী সম্প্রদায়।" (সূরা যারিয়াতঃ ৫২-৫৩)

তাফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন